# Times Today BD

আজিজুল ইসলাম বারী | রংপুর | 01 May, 2025

‘শ্রমিক-মালিক এক হয়ে, গড়বো এদেশ নতুন করে’–এ প্রতিপাদ্যকে সামনে রেখে লালমনিরহাটে নানা আয়োজনের মধ্য দিয়ে পালিত হয়েছে মহান মে দিবস।

বৃহস্পতিবার (১ মে) সকাল সাড়ে ১০টায় মিশন মোড় থেকে একটি বর্ণাঢ্য র‍্যালি বের হয়ে জেলা প্রশাসক কার্যালয় চত্বরে এসে শেষ হয়। র‍্যালিতে অংশ নেয় জেলার বিভিন্ন শ্রমিক সংগঠন।তারা নিজ নিজ ব্যানার নিয়ে র‍্যালিতে যোগ দেয় এবং পরে সবাই জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে সমবেত হয়।

এরপর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে মে দিবস উপলক্ষে আয়োজিত এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অতিরিক্ত জেলা প্রশাসক মাহবুবুর রহমানের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক এইচ এম রকিব হায়দার।

সভায় মালিক ও শ্রমিক প্রতিনিধিসহ বিভিন্ন শ্রমিক সংগঠনের নেতৃবৃন্দ অংশ নেন।আলোচনায় শ্রমিকদের অধিকার, মালিক-শ্রমিক সম্পর্ক উন্নয়ন, এবং নিরাপদ কর্মপরিবেশ তৈরির ওপর গুরুত্বারোপ করা হয়।

সভায় জেলা প্রশাসক এইচ এম রকিব হায়দার বলেন, “মে দিবস কেবল একটি দিন নয়, এটি শ্রমজীবী মানুষের ন্যায্য অধিকার আদায়ের প্রতীক। মালিক ও শ্রমিকের সম্মিলিত প্রচেষ্টায় আমরা একটি উন্নত ও মানবিক বাংলাদেশ গড়ে তুলতে পারি।”

এ বছর বাংলাদেশে মে দিবসের পাশাপাশি জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেফটি দিবসও উদযাপিত হয়েছে।

আলোচনা সভায় লালমনিরহাট জেলার বিভিন্ন শ্রমিক সংগঠনের নেতৃবৃন্দ ও শ্রমিকসহ স্থানীয়

সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে শ্রমিক আইন, মালিক শ্রমিক সম্পর্ক উন্নয়ন করনীয় বিষয়ে আলোচনা করা হয়।

মে দিবস

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 03:09

URL: https://www.timestodaybd.com/rangpur/8930971727